গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ইসলামপুর, জামালপুর

এবং

জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস, জামালপুর

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০২৩ – ৩০ জুন, ২০২৪

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| প্রস্তাবনা | ৪ |
| সেকশন ১- রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২- বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব | ৬ |
| সেকশন ৩- কর্মসম্পাদন পরিকল্পনা | ৭ |
| সংযোজনী ১- শব্দসংক্ষেপ | ১১ |

# উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ইসলামপুর জামালপুরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যত পরিকল্পনাঃ**

➢ **সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহঃ**

বিগত তিন বছরে প্রায় ২ লক্ষ ৩৪ হাজার শিক্ষার্থীর মাঝে প্রায় ২৪ লক্ষ ৪০ হাজার পাঠ্যপুস্তক বিণামূল্যে বিতরণ করা হয়েছে। একই সময়ে প্রায় ৩৯ হাজার শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান, ১টি বেসরকারী কলেজ ও ১টি মাধ্যমিক বিদ্যালয়ও ১টি স্কুল এন্ড কলেজ জাতীয়করণ, শিক্ষকসহ শিক্ষা সংশ্লিষ্ট প্রায় ১০০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। শিক্ষা ক্ষেত্রে ডিজিটালাইজেশনের প্রসার ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে ইসলামপুর জামালপুরে ৪৪টি মাল্টিমিডিয়া ক্লাসরুম এবং ৩৪টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। নথি ব্যবস্থাপনায় স্বচ্ছতা, জবাবদিহিতা, আধুনিকায়নের লক্ষ্যে ই-নথি কার্যক্রম চালু করা হয়েছে। শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক স্ব-মূল্যায়ন (ISAS), সৃজনশীল প্রশ্নপত্র পদ্ধতি প্রচলন এবং ধারাবাহিক মূল্যায়ন(CA) কার্যক্রম ও কৃতিভিত্তিক ব্যবস্থাপনা (PBM) পদ্ধতি প্রচলন করা হয়েছে। তাছাড়া উপবৃত্তি প্রদান, শিক্ষক প্রশিক্ষণ প্রদান, প্রতিষ্ঠানসমূহের মনিটরিং ব্যবস্থাপনার আধুনিকায়ন, শিক্ষার্থীদের পাঠ্যাভ্যাস বৃদ্ধিকরণ, ইংরেজি ও গণিত বিষয়ে অতিরিক্ত ক্লাস গ্রহন, মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠদানের সুযোগ সম্প্রসারণসহ নানামুখী কার্যক্রম অত্র দপ্তর কর্তৃক পরিচালিত হচ্ছে।

➢ **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

মেধাবী ও যোগ্য শিক্ষক নিয়োগ, প্রশিক্ষণের মাধ্যমে যোগ্যতা বৃদ্ধি, শিক্ষা প্রশাসন শক্তিশালীকরণ, শূণ্যপদ পূরণ, ১২'শ শ্রেণি পর্যন্ত মাধ্যমিক শিক্ষা সম্প্রসারণ, জেন্ডারসমতা নিশ্চিতকরণের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ, অধিক সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠান এমপিও'র আওতায় আনয়ন, ছাত্র-শিক্ষক অনুপাত হ্রাস করা ইত্যাদি।

➢ **ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

জাতীয় শিক্ষানীতি ২০১০ এবং রূপকল্প ২০৪১ এর আলোকে অগ্রাধিকার ভিত্তিক কার্যক্রম নিশ্চিতকরণ ও বাস্তবায়ন, ব্যয় ও সময় সাশ্রয়ী এবং সহজলভ্য সেবা প্রদানের লক্ষ্যে নিয়োগ, পদোন্নতি, বদলি, প্রশিক্ষণ, এমপিও, ভর্তি ও অন্যান্য সেবা অনলাইনে প্রদানের মাত্রা ও পরিধি বৃদ্ধি, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীর চাকুরী সংক্রান্ত হালনাগাদ তথ্যের ডাটাবেজ তৈরী ও নিয়মিত হালনাগাদ করণ, ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে কম্পিউটার ল্যাব, মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ স্থাপন, ভাষা ল্যাব স্থাপন ও অগ্রসর/অনগ্রসর (চর) এলাকায় নতুন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের মাধ্যমে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা এবং পরিধি বৃদ্ধি করা।

➢ **২০২৩-২৪ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- নতুন শিক্ষাক্রম বাস্তবায়ন সর্বাত্মক সহায়তা ও পরামর্শ প্রদান;
- ১০০০ শিক্ষক, কর্মকার্তা, কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান;
- ১৪০০০ শিক্ষার্থীর মধ্যে রাজস্ব ও উন্নয়ন খাত হতে বৃত্তি, উপবৃত্তি ও অনুদান বিতরণ;
- মাধ্যমিক, এবতেদায়ী, দাখিল, এসএসসি-ভকেশনাল এবং দাখিল-ভকেশনাল শ্রেণির শিক্ষার্থীদের বিনামূল্যে ০৯ লক্ষ পাঠ্যপুস্তক বিতরণ;
- মাল্টিমিডিয়ার মাধ্যমে ৪৫৫ টি ক্লাস গ্রহণ;
- সকল মাধ্যমিক বিদ্যালয়কে কৃতিভিত্তিক ব্যবস্থাপনা পদ্ধতি PBM ও ISAS রিপোর্টের অন্তর্ভূক্ত করণ।
- অনলাইন ভিত্তিক শিক্ষায় শিক্ষক এবং শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরন ও সহায়তা প্রদান ।
- করোনা কালীন সময়ে পাঠদান ও অন্যান্য কার্যক্রম পরিচালনায় সার্বিক সহযোগীতা প্রদান ।

# প্রস্তাবনা

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ইসলামপুর, জামালপুর

এবং

জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস, জামালপুর -এর মধ্যে

২০২৩ সালের জুলাই মাসের ১০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষর কারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# সেকশন - ১

**জেলা/সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদন ক্ষেত্র এবং কার্যাবলি (Functions):**

১.১ **রূপকল্প** (Vision):

মানসম্মত ও গুনগত শিক্ষা।

১.২ **অভিলক্ষ্য** (Mission):

সাধারন, বিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর শিক্ষা ও প্রশিক্ষণের সমন্বয়ে সমতাভিত্তিক, নৈতিকতাসমৃদ্ধ ও দেশপ্রেমিক দক্ষ জনশক্তি তৈরি।

১.৩ **কর্মসম্পাদনের ক্ষেত্রঃ**

১.৩.১ কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ:

১. শিক্ষার গুণগত মানোন্নয়ন ।
২. শিক্ষা প্রশাসনের দক্ষতা,জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধি
৩. শিক্ষায় তথ্য ও প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ
৪. মাঠ পর্যায়ে প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম জোরদারকরণ
৫. শিক্ষার্থীদের মানসিক শক্তি বিকাশে সহ-পাঠক্রম সংক্রান্ত কার্যক্রম পরিচালনা

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ:

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম বাস্তবায়ন জোরদারকরণ ।

১.৪ **কার্যাবলি** (Functions) আইন ও বিধি অনুযায়ী:

১. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কার্যক্রম বাস্তবায়ন, নীতিমালা প্রণয়ন ও সংস্কার;
২. মাধ্যমিক থেকে উচ্চ শিক্ষা পর্যন্ত (বিশ্ববিদ্যালয় ব্যতীত) শিক্ষা কার্যক্রম পরিচালনা, শিক্ষার মানোন্নয়নে প্রশিক্ষন, নীতিমালা প্রণয়ন, বাস্তবায়ন এবং পরিবীক্ষণ;
৩. শিক্ষার সম্প্রসারণ, উন্নয়ন ও সমতাকরণে প্রয়োজনীয় প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন;
৪. মানসম্মত শিক্ষা নিশ্চিতকল্পে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও সংশ্লিষ্টগণের প্রশিক্ষণ প্রদান;
৫. সরকারের বিভিন্ন বিভাগের সঙ্গে যোগাযোগ রক্ষা ও সকল শিক্ষা প্রতিষ্ঠানের কাজের সমন্বয় সাধন।

## সেকশন-২

### বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব

| চূড়ান্ত ফলাফল/প্রভাব Outcome/Impact | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| শিক্ষার্থীদের আনন্দঘন পরিবেশ সৃষ্টির মাধ্যমে শিক্ষা প্রদান | ১.১.১ মাল্টিমিডিয়া ভিত্তিক ক্লাসরুম বাস্তবায়ন সংখ্যা | সংখ্যা | ১৪৩০ | ১৪৪০ | ১৪৫৫ | ১৪৭০ | ১৪৭৫ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং আইসিটি ডিভিশন | অফিস নথি |
| সকল শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে পাঠদান ফলপ্রসূ করা | ১.৩.১ বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকের সংখ্যা | সংখ্যা | ৫১০ | ৮৪০ | ৬০০ | ৭০০ | ৮০০ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | অফিস নথি |

# সেকশন- ৩

## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সুচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সুচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২৫ | প্রক্ষেপণ ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ (আইন/ বিধি দ্বারা নির্ধারিত দায়িত্ব অনুযায়ী) | | | | | | | | | | | | | | | |
| ১.শিক্ষার গুণগত মানোন্নয়ন | ২৫ | [১.১] নতুন কারিকুলাম বাস্তবায়নের লক্ষ্যে মাঠপর্যায়ে সভা/ কর্মশালা/ ফলোআপ/ প্রশিক্ষণের আয়োজন | [১.১.১] সভা/ কর্মশালা/ ফলোআপ প্রশিক্ষণের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ০৫ | - | - | ৪ | ৩ | ২ | ১ | - | ৪ | ৪ |
| | | [১.২] এমপিও সংশ্লিষ্ট আবেদন নিষ্পত্তি | ১.২.১ নিষ্পত্তির শতকরা হার | সমষ্টি | শতকরা | ০৫ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ১০০ | ১০০ |
| | | [১.৩] শিক্ষকদের বিভিন্ন বিষয় ভিত্তিক অনলাইন/ অফলাইন/ ইন-হাউজ প্রশিক্ষণের এর ব্যবস্থা | ১.৩.১ বিভিন্ন বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ০৫ | ৫১০ | ৮৪০ | ৬০০ | ৬০০ | ৫০০ | ৪০০ | ৩০০ | ৯০০ | ৯৫০ |
| | | [১.৪] শিক্ষার্থীদের মানোন্নয়ন ও ঝড়ে পড়া রোধে উপবৃত্তি প্রদান | [১.৪.১] উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ০৫ | ১২০০০ | ১২৪০০ | ১২৪০০ | ১১১০০ | ৯৯০০ | ৮৬০০ | ৭৪০০ | ১২৮০০ | ১৩০০০ |
| | | ১.৫ মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ নিশ্চিতকরণ | ১.৫.১ বিতরণকৃত পুস্তক সংখ্যা | সমষ্টি | লক্ষ | ০৫ | ৯৭.৭ | ৯৮.২ | ৯৮.৫ | ৯৮.৪ | ৯৮.৩ | ৯৮.২ | ৯৮ | ৯৮.৬ | ৯৮.৭ |

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [২] শিক্ষা প্রশাসনের দক্ষতা, জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধি | ১৫ | [২.১] EMIS এর HRM মডিউলে ডাটা এন্ট্রি ও ভেলিডেশন | ২.১.১ Online-এ ডাটা এন্ট্রিকৃত প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ০৫ | - | ১০৭ | ১০০ | ৯৯ | ৯৫ | ৯০ | ৮৮ | ১০০ | ১০৭ |
| | | [২.২] প্রতিষ্ঠান প্রধানগণের PBM/অন্যান্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান | ২.২.১ জেলা শিক্ষা অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের মাধ্যমে বাৎসরিক প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ০২ | - | - | ৯৫ | ৯৩ | ৯০ | ৭০ | ৬০ | ১০০ | ১০৭ |
| | | ২.৩ মহান মুক্তিযুদ্ধের চেতনা জাগ্রতকরণ,বাল্যবিবাহ,মাদক ও জঙ্গিবাদ প্রতিরোধ, বৃক্ষরোপণ সপ্তাহ উদযাপন এবং নারী শিক্ষার গুরুত্ব বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ের অংশীদারদের নিয়ে সভা। | ২.৩.১ আলোচনা সভার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ০৪ | ০৪ | - | ০৪ | ০৩ | ০২ | ০১ | - | ০৪ | ০৪ |
| | | [২.৪] সম্পাদিত সকল কাজের আদেশ/ নোটিশসহ গুরুত্বপূর্ন বিষয়সমূহ জনস্বার্থে নিজস্ব ওয়েবসাইটে প্রকাশিত | [২.৪.১] প্রকাশের শতকরা হার | সমষ্টি | শতকরা | ০৪ | - | - | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| ৩. শিক্ষায় তথ্য ও প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ | ১৫ | ৩.১ শিক্ষাক্রম ICT ভিত্তিক রূপদানের লক্ষ্যে মাল্টিমিডিয়ার ব্যবহার এবং মাল্টিমিডিয়া ভিত্তিক ক্লাসরুম বাস্তবায়ন | ৩.১.১ মাল্টিমিডিয়া ভিত্তিক ক্লাসরুম বাস্তবায়ন সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ০৫ | ১৪৩২ | ১৪৪০ | ১৪৫৫ | ১৪৫০ | ১৪৪৫ | ১৪৪০ | ১৪৩০ | ১৪৬০ | ১৪৭০ |
| | | ৩.২ প্রতিষ্ঠান পর্যায়ে কম্পিউটার ল্যাব বাস্তবায়ন | ৩.২.১ কম্পিউটার ল্যাব স্থাপন সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ০৫ | ৪৪ | ৪৪ | ১০৭ | ১০০ | ৯০ | ৭৮ | ৭০ | ১০০ | ১০৭ |
| | | ৩.৩ IMS ডাটা এন্ট্রি ও ভেলিডেশন | ৩.৩.১ Online-এ ডাটা এন্ট্রিকৃত প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ০৫ | ১০০ | ৯৮ | ১০০ | ৯৮ | ৯০ | ৮৮ | ৮০ | ১০০ | ১০৭ |
| ৪. মাঠ পর্যায়ে প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম জোরদার-করণ | ১০ | ৪.১ মাঠ পর্যায়ে প্রতিষ্ঠান পরিদর্শন | ৪.১.১ পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১০ | ২৪০ | ২৫০ | ২৫০ | ২২৫ | ১৯২ | ১৭০ | ১৪৫ | ২৬০ | ২৮০ |

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [৫] শিক্ষার্থীদের মানসিক শক্তি বিকাশে সহ-পাঠক্রম সংক্রান্ত কার্যক্রমপরিচালনা | ৫ | [৫.১] খেলাধুলা/ শিক্ষা সপ্তাহ/ সৃজনশীল মেধা অন্বেষণ/ বিজ্ঞান মেলাসহ সকল সহ- পাঠক্রম কার্যক্রম আয়োজন | [৫.১.১] সহ-পাঠক্রম কার্যক্রম আয়োজন সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ০৫ | - | - | ৪ | ৩ | ২ | ১ | - | ৪ | ৪ |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) | | | | | | | | | | | | | | | |
| সুশাসন ও সংস্কার মূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১. শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | ২. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | ৩. অভিযোগ প্রতিকার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন | অভিযোগ প্রতিকার কর্ম-পরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | ৪. সেবা প্রদান প্রতিশ্রুতি কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্ম-পরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | ৫. তথ্য অধিকার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন | তথ্য অধিকার কর্ম-পরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |

আমি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ইসলামপুর, জামালপুর হিসাবে জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস,জামালপুর -এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস,জামালপুর হিসাবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ইসলামপুর, জামালপুর -এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

| | |
|---|---|
| স্বাক্ষরিত/ | ০৬.০৭.২০২৩ |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>ইসলামপুর, জামালপুর | তারিখ |
| স্বাক্ষরিত/ | |
| জেলা শিক্ষা অফিসার<br>জেলা শিক্ষা অফিস, জামালপুর | তারিখ |